



স্মারক নং-৪৬.০২.০০০০.৬০২.১৪.০৩৭(অংশ-০২).২০২০-২২১

তারিখঃ ০২/১০/১৪২৮ বঙ্গাব্দ।
১৫/০২/২০২২ খ্রিষ্টাব্দ।

বিষয়ঃ ২৭/০১/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর-এর আওতায় ২০২১-২২ অর্থবছরে বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের ডিসেম্বর, ২০২১ পর্যন্ত অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় ২০২১-২২ অর্থবছরে বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের মধ্য স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন সেক্টরের ৭৪টি প্রকল্পের ডিসেম্বর, ২০২১ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা ২৭/০১/২০২২ খ্রিঃ তারিখ দুপুর ২.৩০ ঘটিকায় জুম অনলাইন প্ল্যাটফর্ম অ্যাপের মাধ্যমে প্রধান প্রকৌশলী মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় এলজিইডি'র সদর দপ্তরের সকল অতিরিক্ত প্রধান প্রকৌশলী ও তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণ, প্রকল্প পরিচালকগণ এবং মনিটরিং ও মূল্যায়ন শাখার কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন।

১। উপস্থাপনাঃ

সভাপতি মহোদয় সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং দিকনির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন। অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সড়ক ও সেতু রক্ষণাবেক্ষণ ইউনিট) বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের অগ্রগতির সার-সংক্ষেপ সভায় উপস্থাপন করেন এবং তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মনিটরিং ও মূল্যায়ন)-কে ২০২১-২২ অর্থবছরে বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের বিস্তারিত অগ্রগতি পর্যালোচনা শুরু করার জন্য অনুরোধ করেন।

২। আলোচনা ও সিদ্ধান্তঃ

২০২১-২২ অর্থবছরে বাস্তবায়নাধীন স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন সেক্টরের ৭৪টি প্রকল্পের প্রকল্প পরিচালকবৃন্দ তাদের প্রকল্পের এডিপি বাস্তবায়নের অগ্রগতি ও বিদ্যমান সমস্যাবলী সভায় উপস্থাপন করেন। আলোচনায় ২০২১-২২ অর্থবছরে বাস্তবায়নাধীন প্রকল্পের মধ্য হতে কম অগ্রগতিসম্পন্ন ও বর্তমান অর্থবছরে সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্পসমূহের বিষয়ে নিম্নবর্ণিতভাবে বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|--------|--|---|-----------------|
| ২.১ | প্রকল্পের নামঃ “আমার গ্রাম-আমার শহর”: শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্প। প্রাক্কলিত ব্যয়ঃ ২৮.০০ কোটি টাকা প্রকল্পের মেয়াদঃ জুলাই, ২০১৬ হতে ডিসেম্বর, ২০২১ প্রকল্প পরিচালকঃ জনাব আবুল মনজুর মোঃ সাদেক | | |
| | প্রকল্প পরিচালক জানান যে, অক্টোবর, ২০২২ পর্যন্ত সময় বর্ধন প্রস্তাব দেওয়া হয়েছে। প্রস্তাব অনুমোদন প্রক্রিয়াধীন আছে। | সময় বর্ধনের প্রক্রিয়া দ্রুত সমাপ্ত করতে হবে এবং বর্ধিত সময়ের মধ্যে অবশ্যই প্রকল্পের কাজ সমাপ্ত করতে হবে। | প্রকল্প পরিচালক |
| ২.৩ | প্রকল্পের নামঃ নেত্রকোণা জেলাধীন মোহনগঞ্জ ও আটপাড়া উপজেলার গুরুত্বপূর্ণ গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত)। প্রাক্কলিত ব্যয়ঃ ৪৭.৩৪ কোটি টাকা প্রকল্পের মেয়াদঃ ডিসেম্বর, ২০১৬ হতে জুন, ২০২২ প্রকল্প পরিচালকঃ জনাব মোঃ মহির উদ্দিন সেখ | | |
| | প্রকল্প পরিচালক জানান যে, অনুমোদিত সকল স্কীমের চুক্তি সম্পাদন প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। কিছু কিছু স্কীমের প্রটেকশন ওয়ার্ক অন্তর্ভুক্ত করার জন্য প্রকল্পের সংশোধন | প্রকল্পের সম্পূর্ণ কাজ নির্ধারিত মেয়াদে সমাপ্ত করার জন্য কার্যকর উদ্যোগ গ্রহণ করতে | প্রকল্প পরিচালক |

